হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৭ ঃ মেহেরপুর-বুধবার ১ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৬ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৮ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



মিমের ব্যক্তিজীবনের অজানা অধ্যায় -পৃষ্ঠা-৩

## তারেক হত্যার তদন্তে আন্তর্জাতিক ট্রাইব্যুনাল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জামায়াত ইসলামীর নেতা তারেক মোহাম্মদ সাইফুল ইসলাম হত্যা মামলার তদন্তে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশের সহকারী পরিচালক ফাতেহ মোহাম্মদ ইফতেখারুল আলম মেহেরপুরে এসেছেন। গতকা মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত তিনি স্থানীয় সাংবাদিক, আইনজীবী, পুলিশ কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দসহ প্রায় ২০ জনের সঙ্গে কথা বলেন। এ সময় তিনি ঘটনার আগে ও পরের নানা তথ্য সংগ্রহ করেন। উল্লেখ্য, ২০১৪ সালের ১৯ জানুয়ারি দুপুরে মেহেরপুর ইসলামী ব্যাংকের সামনে থেকে তারেক মোহাম্মদ সাইফুল ইসলামকে তুলে নেওয়া হয়। পরে ওই দিন রাতেই সদর উপজেলার বন্দর এলাকায় ক্রসফায়ারের নামে তাকে হত্যা করা হয়। পরে আওয়ামী লীগ সরকারের পতনের পর এ ঘটনায় তৎকালীন মেহেরপুরের পুলিশ সুপার নাহিদুল ইসলামসহ ১৯ জনকে আসামি করে মামলা দায়ের করা হয়। মামলাটি

২-এর পৃষ্ঠা দেখুন



## শব্দ দূষণ শিশুদের মগজ ধ্বংস করছে

নিজস্ব প্রতিবেদক

শব্দদূষণ শুধু শ্রবণশক্তি নষ্ট করে না, এটি শিশুদের মস্তিষ্কের বিকাশ, শেখার ক্ষমতা এবং স্মৃতিশক্তিকেও ক্ষতিগ্রস্ত করে। বিশেষজ্ঞদের মতে, দীর্ঘমেয়াদী শব্দদূষণের কারণে শিশুদের মধ্যে উচ্চরক্তচাপ, হৃদরোগ, স্ট্রোক, অনিদ্রা, কিডনি সমস্যা এবং মানসিক জটিলতা বৃদ্ধি পায়। মেজাজ খিটখিটে হয়ে পড়ায় পারিবারিক জীবনেও এর প্রভাব পড়ে। শিশুদের ক্ষেত্রে এই ক্ষতি সবচেয়ে বেশি, কারণ তাদের শরীর ও মস্তিষ্ক এখনও বিকাশের পর্যায়ে থাকে। জাতীয় ও আন্তর্জাতিক সমীক্ষা অনুযায়ী, যানবাহনের হর্ন, বাজার ও শিল্প এলাকা থেকে নির্গত শব্দ শিশুদের জন্য সবচেয়ে বিপজ্জনক। মেহেরপুর শহরের কেন্দ্রীয় এলাকা, বাজারপাড়া, হাসপাতাল এবং স্কুলের আশেপাশে শব্দের মাত্রা নিয়ন্ত্রণের বাইরে। যদিও স্কুল, কলেজ, হাসপাতালের সামনে হর্ন বাজানো নিষেধ, সচেতনতার অভাবের কারণে এটি কার্যকর হচ্ছে না। কুস্টিয়া ল্যাবকেয়ারের চেয়ারম্যান ডাঃ সজিবুল হক

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের সন্তান হাইকোর্টে: বিচারপতি আসিফ হাসানকে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নবনিযুক্ত অতিরিক্ত বিচারপতি আসিফ হাসানকে সংবর্ধনা দিয়েছে মেহেরপুর জেলা আইনজীবী সমিতি । গতকাল মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে জেলা আইনজীবী সমিতির মিলনায়তনে এ সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বারের সভাপতি মারুফ আহম্মেদ বিজন। এসময় সংবর্ধিত বিচারপতি আসিফ হাসান বলেন, "আমি সব সময় বারকে শ্রদ্ধা করেছি। আইনজীবীরা নিজেদের বারের মর্যাদা অক্ষুণ্ণ রাখুন। আড্ডা ও আলোচনা বার ও আদালতের মধ্যে সীমাবদ্ধ রাখলে পেশার মর্যাদা বৃদ্ধি পাবে।" সভায় বক্তারা বলেন আমাদের ছোট্ট জেলা থেকে এই প্রথম একজন হাইকোর্ট বিভাগের বিচারপতি হয়েছেন। আমাদের জেলার সন্তান হাইকোর্টে বিচারপতি নিযুক্ত হওয়ায় আমরা গর্বিত। আসিফ হাসানের এই নিয়োগ প্রমাণ করে, মেহেরপুর থেকেও বিচারাঙ্গনের সর্বোচ্চ শিখরে পৌঁছানো সম্ভব। আমরা আশা করি, তিনি ভবিষ্যতে বাংলাদেশের প্রধান বিচারপতির পদও অলংকৃত করবেন।" এর আগে জেলা বারের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন, সাধারণ সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর এ এস এম সাইদুর রাজ্জাক টোটন, নারী ও শিশু আদালতের এপিপি ও সি-



নয়র সদস্য অ্যাডভোকেট মখলেছুর রহমান খান স্বপন তাকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে সংবর্ধনা স্মারক তুলে দেন। মেহেরপুর জেলা বারের সম্পাদক ও পিপি এ এস এম সাইদুর রাজ্জাক টোটন এর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন বারের সাবেক নজরুল ইসলাম, সভাপতি অ্যাড. পল্লব ভট্টাচার্য, ইয়ারুল ইসলাম, কাজি শহিদ, শহিদুল আযম, কামরুল হাসান, শফিকুল ইসলাম, আনোয়ার হোসেন প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন বারের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন। উল্লেখ্য, বিচারপতি

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বাঁশ বাগানের থেকে নব জাতক উদ্ধার

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার পুরাতন মটমুড়া কালী মন্দির পাশের বাঁশবাগান থেকে নবজাতককে উদ্ধার করেছেন আনসার সদস্যরা। গতকাল মঙ্গল বার (৩০ সেপ্টম্বর) সকাল ১১ টার দিকে এ নবজাতককে উদ্ধার করে তারা। উদ্ধারকৃত নকজাতকের অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে প্রথমে গাংনী স্বাস্থ্য মপ্লেক্সে ও পরে

২-এর পৃষ্ঠা দেখুন

## চুরি-ছিনতাই মামলায় মেহেরপুরে তিন আসামির সাজা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পৃথক দুই মামলায় চুরি ও ছিনতাইয়ের অভিযোগে তিন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার দুপুরে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলী'র আদালত এ রায় ঘোষণা করেন। আদালত সূত্রে জানা গেছে, আসামি মো. আলামিনের বিরুদ্ধে দণ্ডবিধির ৩৮০ ও ৪৫৭ ধারার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ৮ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ডর আদেশ দেন। অর্থদন্ড অনাদায়ে আরও ৪৫ দিনের কারাদণ্ডর আদেশ দেওয়া হয়। একই

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ওএমএস ও খাদ্যবান্ধব ডিলারদের সাথে মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা খাদ্য নিয়ন্ত্রক আসমা উল হোসনা। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরের সাবেক মেয়র মতুর বিরুদ্ধে মামলায় জামিন বহাল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মুতাচ্ছিম বিল্লাহ মতুর বিরুদ্ধে জমি দখল করে পৌর গেট নির্মাণের অভিযোগে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে মহা অষ্টমীর আমেজে শারদীয় দুর্গোৎসব

নিজস্ব প্রতিবেদক

ঢাক-ঢোলের শব্দ, কাঁসার ঘণ্টাধ্বনি আর মঙ্গলমন্ত্রের ধ্বনিতে মুখরিত চারপাশ। মেহেরপুর জুড়ে ছড়িয়ে পড়েছে উৎসবের রঙ। মহা অষ্টমী উপলক্ষে জেলার শহর ও গ্রামীণ এলাকার পূজামণ্ডপগুলোতে সকাল থেকেই ভক্ত-দর্শনার্থীদের উপচে পড়া ভিড়। যেন ধর্ম-বর্ণ নির্বিশেষে

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে দুর্গোৎসব উপলক্ষে জামায়াতে ইসলামী'র খাদ্যসামগ্রী বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় শারদীয় দুর্গোৎসব উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী উদ্যোগে হিন্দু সম্প্রদায়ের ৫৪ দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আমীর মাওলানা খানজাহান আলী, উপজেলা নায়েবে আমীর মাওলানা ফিরাতুল ইসলাম, উপজেলা সেক্রেটারি মো. খাইরুল

২-এর পৃষ্ঠা দেখুন

## সাহারবাটিতে ভিজিএফ'র চাল বিতরণ

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন পরিষদে দরিদ্র ও সুবিধাবঞ্চিত পরিবারের মাঝে ভিজিএফ'র চাল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রম অনুষ্ঠিত হয়। এবার ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ৯৫ জন সুবিধাভোগী কার্ডধারীর মধ্যে জনপ্রতি ৬০ কেজি করে চাল বিতরণ করা হয়। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আসমা তারা নিজে উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করেন। অনুষ্ঠানে ট্যাগ অফিসার হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান। এছাড়া ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরাও উপস্থিত ছিলেন। সুবিধাভোগীরা শান্তিপূর্ণ পরিবেশে তাদের প্রাপ্য চাল গ্রহণ করেন।



## মুজিবনগরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মুজিবনগর উপজেলার মুনাখালি গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) বিকাল ৫টার দিকে মুনাখালি গ্রামের প্রধান সড়ক ও স্থানীয় বাজার এলাকায় এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা আমীর মাও. খানজাহান আলী, উপজেলা নায়েবে আমীর মাওলানা ফিরাতুল ইসলাম, উপজেলা সেক্রেটারি মো. খাইরুল বাসার, সহকারী সেক্রেটারি মোস্তাফিজুর রহমান, উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## সংঘবদ্ধ সাইবার আক্রমণ ভাবাচ্ছে বিএনপিকে

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ নির্বাচন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে সামাজিক মাধ্যমে বিএনপি নেতাদের বিব্রতকর ছবি, ভিডিও ও অডিও ছড়িয়ে পড়ার ঘটনা বেড়েই চলেছে। দলটির ভেতরে অনেকে মনে করছেন, এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়; বরং সংঘবদ্ধ ও পরিকল্পিত অপপ্রচার। এ ধরনের আক্রমণ নির্বাচন ঘনিয়ে এলে আরও তীব্র হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। দলীয় সূত্র জানায়, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, সালাহউদ্দিন আহমেদসহ প্রায় সব সক্রিয় নেতাই ইতোমধ্যে এ অপপ্রচারের শিকার হয়েছেন। ব্যঙ্গচিত্র, বিকৃত অডিওভিডিও ও ভুয়া ট্যাগ ছড়িয়ে বিভ্রান্তি তৈরির ফলে কখনও কখনও সাংগঠনিক পদক্ষেপেও বিভ্রান্তি দেখা দিয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, মূলধারার গণমাধ্যমের চেয়ে সামাজিক মাধ্যম এখন মানুষের প্রধান তথ্যভান্ডার হয়ে উঠেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. দিলারা চৌধুরী মনে করেন, এআই প্রযুক্তি ব্যবহার করে ভুয়া তথ্য ছড়ানো ভয়ংকর রূপ নিয়েছে। তার মতে, সাইবার আক্রমণ দ্রুত নিয়ন্ত্রণে না আনলে নির্বাচনী

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {গাংনীতে অ্যানথ্রাক্সের ছায়া}

অ্যানথ্রাক্স এক ভয়ানক রোগ
সংক্রমণে নামে শোক।
রোগা গরু কেটে খেলে
প্রাণের ভয় যে ঘিরে মেলে।
পরীক্ষাহীন মাংস বাজারে
সস্তা দামে ওঠে হাটে।
ক্রেতা কেনে অজানাতে
বিপদ নামে ঘরে ঘরে।
কসাই কাটে চুপিসারে
দোষ খুঁজে কে যাবে তারে?
অবহেলায় জীবন ঝুঁকে
নেই যে ভরসা মুখে মুখে।
অ্যানথ্রাক্স থেকে বাঁচতে হলে
সচেতনতা চাই সকলেরে।
টিকা দাও, নিয়ম মানো
নিরাপদ থাক প্রাণের ধ্বনো।

## চুয়াডাঙ্গায় ১০ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গায় অভিযান চালিয়ে হত্যা মামলায় ১০ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মোহাম্মদ মানিককে (২৮) গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) ভোরে দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামে নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। দামুড়হুদা মডেল থানার ওসি হুমায়ুন কবির গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সাজাপ্রাপ্ত আসামিকে আইনি প্রক্রিয়া শেষে মঙ্গলবার দুপুরে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন




সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ১৬ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১ অক্টোবর ২০২৫ইং

# পার্বত্য চট্টগ্রামে নতুন করে অস্থিরতার পেছনে কারণ কী?

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম সম্প্রতি আবারও অস্থির হয়ে উঠেছে। বিশেষ করে বান্দরবান জেলায় একের পর এক সহিংস সংঘর্ষে বহু মানুষের প্রাণহানি ঘটছে। গত বৃহস্পতিবার রাতে গোলাগুলিতে আটজন নিহত হওয়ার ঘটনায় আবারও দৃষ্টি কেন্দ্রীভূত হয়েছে পাহাড়ের নিরাপত্তা পরিস্থিতির দিকে। সাম্প্রতিক সময়ে সবচেয়ে আলোচনায় এসেছে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)। সরকার তাদের বিচ্ছিন্নতাবাদী সংগঠন বলে উল্লেখ করলেও কেএনএফ এ অভিযোগ অস্বীকার করেছে। এ সংগঠনের সামরিক শাখা হলো কুকি-চিন ন্যাশনাল আর্মি (কেএনএ)। নিরাপত্তা বিশ্লেষকরা বলছেন, হঠাৎ করেই সংগঠনটি অস্ত্র ও প্রশিক্ষণসহ প্রকাশ্যে সংঘর্ষে জড়িয়ে পড়েছে, যা রহস্যজনক। তাদের সঙ্গে জঙ্গি গোষ্ঠীর যোগাযোগেরও ইঙ্গিত পাওয়া গেছে। আইএসপিআর জানিয়েছে, পার্বত্য এলাকায় সক্রিয় আঞ্চলিক সশস্ত্র গোষ্ঠীগুলোর মূল দ্বন্দ্ব আধিপত্য বিস্তার ও আর্থিক লাভের জন্য। স্থানীয় সূত্রে জানা গেছে, কেএনএফ ও ইউপিডিএফের মধ্যে সংঘর্ষের কারণেই বান্দরবানে সাম্প্রতিক হত্যাকাণ্ড ঘটেছে। অবসরপ্রাপ্ত মেজর ইমদাদুল ইসলাম বলেন, "আদর্শিক দ্বন্দ্ব নয়, আসল বিষয় হলো আধিপত্য ও চাঁদাবাজি। বছরে সাতশো কোটি টাকার বেশি চাঁদাবাজি হয় পাহাড়ে। সেটির নিয়ন্ত্রণ নিতেই এত সহিংসতা।"বিশ্লেষকরা মনে করছেন, পার্বত্য অঞ্চলকে বহুবার বাফার জোন হিসেবে ব্যবহার করার

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# পূজার সাজ: শাড়ি আর ব্লাউজের পারফেক্ট জুটি

সূর্যোদয় প্রতিবেদন

পূজার আগেই শাড়ি পরার পরিকল্পনা থাকলে নতুন শাড়ির সঙ্গে পরার জন্য ডিজাইনার ব্লাউজ অর্ডার করে রেখেছেন নিশ্চয়। তবে খুঁতখুঁতে স্বভাবের অনেকে নিজের পছন্দের নকশা দিয়ে ব্লাউজ বানাতেই স্বাচ্ছন্দ্যবোধ করেন। কিন্তু সাধারণ ব্লাউজ তো উৎসবে পরা যায় না। ব্লাউজের গলা, কাটিং, হাতা ও ধরন নির্বাচন করতে হবে নিজের ব্যক্তিত্ব ও অনুষ্ঠানের ধরন অনুযায়ী। তবেই ফ্যাশন স্টেটমেন্টে সাবলীল থাকা সম্ভব। সপ্তমীর দিন অফিস করে অষ্টমী থেকে ছুটি কাটানোর পরিকল্পনা থাকলেও বন্ধুর সঙ্গে মণ্ডপে যাওয়ার ইচ্ছা থাকলে সামলানো যায়। সি ব্লু রঙের পাড় বসানো লাল পাফস্লিভ ব্লাউজের সঙ্গে অফিসে পরার শাড়ি, আর ব্যাগে করে রাখা সিল্কের শাড়ি সন্ধ্যায় বন্ধুদের সঙ্গে মণ্ডপে বের হওয়ার জন্য যথেষ্ট। হালকা রঙের শাড়ি পরলে সারাদিনের ক্লান্তি বোঝা যায় না, অথচ পূজার গন্ধ অটুট থাকে। বন্ধুমহলে নামডাক আছে বলে বন্ধুদের অনুরোধে লাল-সাদা শাড়ি পরতেই হবে? তবে নিজের পছন্দের ব্লাউজড় যেমন লাল টুকটুকে শার্প ভি নেক স্লিভলেস ব্লাউজ

৩-এর পৃষ্ঠা দেখুন



# যেকোনো সময় আওয়ামী লীগের কার্যক্রম সচল হতে পারে: ড. মুহাম্মদ ইউনূস

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, "আমরা আওয়ামী লীগকে নিষিদ্ধ করি নি এবং তাদের রেজিস্ট্রেশনও স্থগিত করা হয়নি। শুধুমাত্র তাদের রাজনৈতিক কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। যেকোনো সময় তাদের কার্যক্রম সচল করা সম্ভব।" জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) অধিবেশনের ফাঁকে জিটিওকে দেওয়া সাক্ষাৎকারে সাংবাদিক মেহদি হাসানের প্রশ্নের জবাবে ড. ইউনূস এসব কথা বলেন। প্রধান উপদেষ্টা আরও বলেন, কার্যক্রম স্থগিত থাকার কারণে আওয়ামী লীগ এখন কোনো রাজনৈতিক কর্মকাণ্ড করতে পারবে না। দলটি বৈধ থাকলেও সাময়িকভাবে তাদের কার্যক্রম বন্ধ রয়েছে। এক প্রশ্নের জবাবে ড. মুহাম্মদ ইউনূস উল্লেখ করেন, আওয়ামী লীগের নির্বাচনে অংশগ্রহণের

৩-এর পৃষ্ঠা দেখুন

# চাঁদাবাজি নিয়ন্ত্রণে ব্যর্থ অন্তর্বর্তী সরকার: অর্থ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের আমলে দেশে চাঁদাবাজি বেড়ে যাওয়ার অভিযোগ তুলেছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি স্পষ্টভাবে বলেছেন, রাজনৈতিক সরকারের সক্রিয় ভূমিকা ছাড়া এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড দমন সম্ভব নয়। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) রাজধানীর অর্থ মন্ত্রণালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "অন্তর্বর্তী সরকার চাঁদাবাজি নিয়ন্ত্রণ করতে পারেনি। রাজনৈতিক কমিটমেন্ট ছাড়া, রাজনৈতিক সরকার ছাড়া চাঁদাবাজি নিয়ন্ত্রণ করা সম্ভব নয়।" অর্থ উপদেষ্টা জানান, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকেই দেশে চাঁদাবাজি বৃদ্ধি পেয়েছে। আগে যেখানে এক টাকা চাঁদা নেওয়া হতো, এখন সেখানে দেড় থেকে দুই টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। "নানা পক্ষ চাঁদাবাজিতে জড়িয়েছে। যারা আগে মুক্ত ছিল তারাও

৩-এর পৃষ্ঠা দেখুন



# খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের ডেইরি খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ করেছে উন্নয়নমূলক প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশন। আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও ড্যানিডার অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-এর আওতায় "নিরাপদ মাংস, দুধ ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের অংশ হিসেবে এ বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক। তিনি বলেন, "খামার যান্ত্রিকীকরণের ফলে উৎপাদন বৃদ্ধি পাবে, সময় ও শ্রম সাশ্রয় হবে, অল্প সময়ে বেশি কাজ

৩-এর পৃষ্ঠা দেখুন

# অভ্যন্তরীণ সংস্কারে কেন এত মনোযোগী জামায়াত?

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামী দীর্ঘদিন ধরে মুক্তিযুদ্ধবিরোধী ইমেজ ও ধর্মীয় ইস্যুতে সমালোচিত একটি রাজনৈতিক দল। তবে গত বছরের ৫ আগস্টের পর দলটির রাজনীতিতে বড় ধরনের পরিবর্তনের চেষ্টা দেখা যাচ্ছে। নির্বাচনী প্রস্তুতি, সাংগঠনিক কর্মকাণ্ড এবং নীতি-আদর্শের উপস্থাপনায় জামায়াত অভ্যন্তরীণ সংস্কারের দিকে জোর দিচ্ছে। ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশ থেকে শুরু করে পোস্টার, ফেস্টুন ও ব্যানারে লাল-সবুজের ব্যবহার বাড়িয়েছে দলটি। এমনকি জাতীয় পতাকার আদলে একটি লোগোও উন্মোচন করেছে। বিশ্লেষকদের মতে, এটি মুক্তিযুদ্ধ ইস্যুতে বিতর্ক কাটিয়ে ওঠার কৌশল। দলটির ভেতর মুক্তিযুদ্ধ প্রশ্নে আলোচনার প্রবণতা বেড়েছে। ইসলামী ছাত্রশিবির নেতারা রায়েরবাজার শহীদ বধ্যভূমিতে মোনাজাত করে আলোচনার জন্ম দেন। নির্বাহী পরিষদের বৈঠকগুলোতে '৭১ নিয়ে ক্ষমা চাওয়ার প্রসঙ্গ উঠছে বারবার। তবে এ বিষয়ে দলীয় পর্যায়ে এখনো সর্বসম্মত সিদ্ধান্ত হয়নি। জাতীয় সংসদ নির্বাচন ঘিরে প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে রুকন মান শিথিল করছে জামায়াত। সৎ, যোগ্য ও ন্যায়পরায়ণ মনে হলে কর্মী নয়, এমন ব্যক্তিকেও প্রার্থী করার সিদ্ধান্ত নিয়েছে দলটি। ইতোমধ্যে ঢাকা-৭ আসনে একজন ব্যবসায়ীকে প্রার্থী ঘোষণা করা হয়েছে। দলের মহিলা বিভাগ বর্তমানে অত্যন্ত সক্রিয়। প্রায় ৫০ হাজার রুকন এবং কয়েক লাখ কর্মীসহ নারীদের অংশগ্রহণ দ্রুত বাড়ছে। নেতারা বলছেন, আগামীতে নারীদের রুকন সংখ্যা পুরুষদের ছাড়িয়ে যাবে। ২০০৬ সালের গঠনতন্ত্রে শরিয়াহভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠার কথা থাকলেও, সাম্প্রতিক সংস্করণগুলোতে "কল্যাণ রাষ্ট্র" ও "শোষণমুক্ত ন্যায়ভিত্তিক সমাজ" গঠনের ওপর জোর দেওয়া হয়েছে। মুক্তিযুদ্ধের বীরত্বপূর্ণ সংগ্রামের উল্লেখও যুক্ত করা হয়েছে। দীর্ঘ চার

৩-এর পৃষ্ঠা দেখুন



# সাকিব আল হাসান আর খেলবেন না বাংলাদেশ দলে: ক্রীড়া উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের ক্রিকেটের 'পোস্টার বয়' সাকিব আল হাসান দীর্ঘদিন ধরেই জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে আলো ছড়াচ্ছেন। তবে সম্প্রতি রাজনৈতিক কারণে তার জাতীয় দলের ভবিষ্যৎ সন্দেহের মুখে পড়েছে। ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর থেকে আর জাতীয় দলের জার্সিতে দেখা যায়নি এই অলরাউন্ডারকে। এবার ক্রীড়া ক্ষেত্রে দায়িত্বে থাকা যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া একটি সাক্ষাৎকারে স্পষ্ট করে দিয়েছেন, সাকিব আর কখনো বাংলাদেশ দলের হয়ে খেলতে পারবেন না। তিনি বলেন, "তাকে

৩-এর পৃষ্ঠা দেখুন



# মামলার পরিবর্তে 'লিখিত অভিযোগ' নিলে ব্যবস্থা নেওয়া হবে: আইজিপি

সূর্যোদয় প্রতিবেদন

থানায় কোনো ভুক্তভোগী মামলা করতে গেলে তার পরিবর্তে লিখিত অভিযোগ নেওয়ার কোনো সুযোগ নেই বলে সাফ জানিয়ে দিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। এ ধরনের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট থানার ওসিসহ দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও সতর্ক করেছেন তিনি। মঙ্গলবার

৩-এর পৃষ্ঠা দেখুন

# এশিয়া কাপের ফাইনালে খেলতে না পারায় ক্ষমা চাইলেন লিটন

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপে এবার দারুণ সুযোগ ছিল বাংলাদেশের সামনে। তবে শেষে পাকিস্তানের কাছে হেরে ফাইনালে খেলা হয়নি জাকের আলী, তাসকিনদের। মূলত নিয়মিত অধিনায়ক লিটন কুমার দাস ইনজুরির কারণে ছিটকে যাওয়ায় অনেকটা অগোছালো হয়ে পড়ে বাংলাদেশ দল। এশিয়া কাপে তাই নিজেদের ব্যর্থতাকে সামনে এনে এবার ক্ষমা চাইলেন অধিনায়ক লিটন। মঙ্গলবার নিজের অফিসিয়াল ফেইসবুক অ্যাকাউন্টে লিটন লেখেন, '২০২৫ সালের এশিয়া কাপে

৩-এর পৃষ্ঠা দেখুন



# ব্রিটিশ নয়, আমাদের মুক্ত করেছে ভারতীয় সেনারা: ইসরায়েলি মেয়র

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের হাইফা শহরের মেয়র ইয়োনা ইয়াহাভ জানিয়েছেন, প্রথম বিশ্বযুদ্ধের সময় অটোমান সাম্রাজ্যের কাছ থেকে শহরটিকে মুক্ত করেছিলেন ব্রিটিশ নয়, ভারতীয় সেনারা। সোমবার (৩০ সেপ্টেম্বর) এক অনুষ্ঠানে তিনি বলেন, এ সত্য এখন থেকে ইসরায়েলের নতুন

৩-এর পৃষ্ঠা দেখুন

# টেলিযোগাযোগ বন্ধ করে দিয়েছে আফগানিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানে তালেবান সরকার সারাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বন্ধ করে দিয়েছে। কয়েক সপ্তাহ আগে ফাইবার-অপটিক ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করার পর এবার দেশটি 'সম্পূর্ণ ইন্টারনেট ব্ল্যাকআউট'-এর মধ্যে পড়েছে। আন্তর্জাতিক ইন্টারনেট নজরদারি সংস্থা নেটব্লক্স এই তথ্য নিশ্চিত করেছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, তারা কাবুলে তাদের অফিসের সঙ্গে যোগাযোগ হারিয়েছে। মোবাইল ইন্টারনেট ও স্যাটেলাইট টিভি সম্প্রচারে

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর


যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# দেশে প্রথমবারের মতো বাণিজ্যিকভাবে চালু হলো ভয়েস ওভার ওয়াই-ফাই

সূর্যোদয় প্রতিবেদন

দেশে প্রথমবারের মতো বাণিজ্যিকভাবে ভয়েস ওভার ওয়াই-ফাই সেবা চালু করেছে মোবাইল অপারেটর বাংলালিংক। নতুন এই প্রযুক্তি মোবাইল ব্যবহারকারীদের জন্য ইনডোর কাভারেজ এবং কলের মান উন্নত করবে বলে আশা করা হচ্ছে। সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব বাংলালিংককে অভিনন্দন জানিয়ে বলেছেন, দ্রুত সারা দেশে ভয়েস ওভার ওয়াইফাই চালু হলে নগর ও গ্রামীণ সব ব্যবহারকারী সমানভাবে উপকৃত হবেন। ভয়েস ওভার ওয়াইফাই এমন একটি প্রযুক্তি যা মোবাইল নেটওয়ার্কের ওপর নির্ভর না করে, যে কোনো ওয়াই-ফাই নেটওয়ার্ক ব্যবহার করে সাধারণ ভয়েস কল করার সুযোগ দেয়। ব্যবহারকারীর অভিজ্ঞতা একই থাকে, তবে কলটি সেলুলার নেটওয়ার্কের




৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ১ অক্টোবর ২০২৫ ইং

## সার বিতরণে অনিয়ম, কৃষক মানববন্ধনে ক্ষোভ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে সার বিতরণে অনিয়ম ও রাজনৈতিক প্রভাবের অভিযোগে স্থানীয় কৃষকদের মধ্যে গভীর ক্ষোভ দেখা দিয়েছে। অভিযোগ, ইউনিয়নের স্থায়ী বাসিন্দা নয় এমন দু'জনকে সার ডিলার করা হয়েছে, ফলে চাষীরা মৌসুমে ন্যায্য প্রাপ্য সার থেকে বঞ্চিত হচ্ছেন। স্থানীয় কৃষকরা মানববন্ধনে জানান, মেসার্স এন.আর. এন্টারপ্রাইজের মালিক এনামুল হক এবং মেসার্স কাদের স্টোরের মালিক মো. হারুন অর রশিদড়এরা কেউই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা নন। স্থানীয়ভাবে কোনো ব্যবসা প্রতিষ্ঠান বা সার সংরক্ষণের গুদাম না থাকায় কৃষকরা সঠিক সেবা পাচ্ছেন না। এছাড়া অভিযোগ, সার ইউনিয়নের বাইরে পাচার হচ্ছে এবং খুচরা বাজারে চড়া দামে বিক্রি করা হচ্ছে। কৃষকরা আরও অভিযোগ করেন, স্থানীয়দের দাবি নাকচ করে রাজনৈতিক পরিচয় ব্যবহার করে দীর্ঘদিন ডিলারশিপ ধরে রাখা হয়েছে। কেউ যদি সমস্যা উত্থাপন করে, তারা রাজনৈতিক প্রভাব খাটিয়ে হুমকি দিচ্ছেন। এতে চাষাবাদের মৌসুমে কৃষকরা চরম আর্থিক চাপের মুখে পড়ছেন। মানববন্ধনে বক্তারা প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেন। তারা বলেন, "এরা আসলে কৃষকবান্ধব কেউ নন, বরং রাজনৈতিক প্রভাব খাটিয়ে অবৈধ সুবিধা নিচ্ছে।" প্রশাসনের উচিত অনিয়ম ও দুর্নীতি বন্ধ করা, প্রকৃত কৃষকদের ন্যায্য সার সরবরাহ নিশ্চিত করা এবং সার ডিলারশিপে স্বচ্ছতা আনা। ধানখোলা ইউনিয়নের কৃষকদের দাবি, যদি দ্রুত ব্যবস্থা নেওয়া না হয়, তাহলে মৌসুমে তাদের চাষাবাদ বিপর্যয়ের মুখে পড়বে এবং স্থানীয় কৃষি অর্থনীতিতে প্রভাব পড়বে।

## মেহেরপুরের সন্তান হাইকোর্টে

(প্রথম পৃষ্ঠার পর)

আসিফ হাসান মেহেরপুর জেলার সন্তান। তিনি স্থানীয় বিদ্যালয় থেকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা শেষ করে ঢাকার একটি স্বনামধন্য কলেজ থেকে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক (এলএলবি) ও স্নাতকোত্তর (এলএলএম) ডিগ্রি অর্জন করেন। গত ২৬ আগস্ট তিনি সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারপতি হিসাবে নিয়োগ পান।

## শব্দ দূষণ শিশুদের মগজ ধ্বংস করছে

(প্রথম পৃষ্টার পর)

বলেন, "শব্দদূষণ শুধুমাত্র শ্রবণশক্তি কমায় না, এটি মস্তিষ্কের কর্মক্ষমতাকে হ্রাস করে, স্মৃতিশক্তি কমিয়ে দেয় এবং শারীরিক ও মানসিক রোগের ঝুঁকি বাড়ায়। শিশুদের ক্ষেত্রে সবচেয়ে গুরুতর প্রভাব লক্ষ্য করা যায়, শরীর ও মস্তিষ্কের পূর্ণ বিকাশ ব্যাহত হয়, শেখার ক্ষমতা কমে যায়, এমনকি ভবিষ্যতে সন্তান জন্মদানের সক্ষমতাও প্রভাবিত হতে পারে।" প্রফেসর ফররুক আহমেদ জানিয়েছেন, হাসপাতাল ও আবাসিক এলাকা যেখানে নীরব হওয়ার কথা, সেখানেও রাত-দিন উচ্চশব্দে গাড়ির হর্ন বাজছে। মেহেরপুর পৌরসভা বা প্রশাসনের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, ৮০ ডেসিবেলের বেশি শব্দ দীর্ঘসময় শোনার ফলে স্থায়ীভাবে শ্রবণশক্তি নষ্ট হতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং জাতিসংঘের পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) অনুসারে, শব্দদূষণ বেশি এলাকায় শিশুদের মানসিক ও শারীরিক বিকাশে নেতিবাচক প্রভাব পড়ছে। মেহেরপুর শহরের বিভিন্ন বাজার, স্কুল-কলেজ, হাসপাতাল এবং গুরুত্বপূর্ণ সড়কপথের পাশে যানবাহনের হর্ন বাজানোর শব্দ সবচেয়ে বেশি লক্ষ্য করা গেছে। স্থানীয়রা অভিযোগ করেছেন, সরকারি বিধি থাকলেও হর্ন বাজানো নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নেই। শহরের সড়কগুলোতে শোরগোল কমানো না গেলে মানসিক ও শারীরিক রোগের ঝুঁকি বাড়বে। বিশেষজ্ঞরা আরও জানিয়েছেন, শিশুদের স্বাভাবিক বিকাশ রক্ষায় জনসচেতনতা বৃদ্ধি, নিয়মিত পরিবেশ মনিটরিং এবং হর্ন-নিষিদ্ধ এলাকা কঠোরভাবে কার্যকর করা অত্যন্ত জরুরি। তারা সতর্ক করেছেন, যদি দ্রুত পদক্ষেপ না নেওয়া হয়, তবে শব্দদূষণ ভবিষ্যতে শিশুদের সুস্থ বিকাশ ও শিক্ষাজীবনে দীর্ঘমেয়াদী ক্ষতি আনতে পারে।

## গাংনীতে বাঁশ বাগানের থেকে নব

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর জেনারেল হাসপাতারে ভর্তি করা হয়েছে। আনসার সদস্য হুসাইন জানায়, আমরা মটমুড়া কালী মন্দিরের নিরাপত্তার ডিউটি করছিলাম। সকাল ১১ টার দিকে মন্দিরের পাশের বাঁশবাগানে নবজাতকে কান্না শুনতে পায়। বেশ কিছু ক্ষ কান্না শুনার পর আমরা বাঁবাগানে যেয়ে সদ্র জন্ম নেওয়া এক নবজাতকে পড়ে থাকতে দেখি। এসময় এ নবজাতকে আমরা উদ্ধার করে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করি। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুল্লাহ আল আজিজ জানান, নবজাতকটির শারীরিক অবস্থা আশঙ্কা জনক হওয়ায় হওয়ায় দ্রুত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার করা হয়েছে। মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও ডা. জাহিদুল ইসলাম বলেন, নবজাতকটি অবস্থা সংকটপূর্ন। তাকে আমরা নিবির পরিচর্যায় রেখেছি। তার চিকিৎসার যাবতিয় ব্যবস্থা হাসপাতালের পক্ষ থেকে করা হবে। উদ্ধার হওয়া এই নবজাতককে ঘিরে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ধর্মীয় পূজা মণ্ডপের কাছ থেকে শিশুটি উদ্ধার হওয়ায় বিষয়টি নিয়ে সাধারণ মানুষের মধ্যে নানা আলোচনা চলছে। তবে সবাই শিশুটির দ্রুত আরোগ্য ও সুরক্ষিত ভবিষ্যৎ কামনা করছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ প্রেরণ করা হয়েছে। কে বা কারা নবজাতকটিকে ফেলে রেখে গেছে তা তদন্ত করে দেখা হচ্ছে। এ ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনা হবে।

## তারেক হত্যার তদন্তে আন্তর্জাতিক ট্রাইব্যুনাল

(প্রথম পৃষ্টার পর)

পরবর্তীতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশে হস্তান্তর করা হয়।

## মেহেরপুরে মহা অষ্টমীর আমেজে

(প্রথম পৃষ্টার পর)

সবাই ভাগাভাগি করেছেন শারদীয় দুর্গোৎসবের আনন্দ। মেহেরপুরের ৩৯টি পূজামণ্ডপে ছিল উৎসবের বিশেষ আয়োজন। দেবীর চরণে অঞ্জলি দিতে নারী-পুরুষ, আবাল-বৃদ্ধ-বণিতা পরিবার-পরিজন নিয়ে হাজির হন। কেউ প্রার্থনা করেছেন পরিবারের মঙ্গল কামনায়, কেউবা দেশের শান্তি ও সুখের আশায়। অনেকেই বিভেদ ভুলে পৃথিবীর শান্তির জন্য হাত তুলেছেন একসাথে। মণ্ডপগুলোতে প্রতিমার শিল্পকর্ম, সাজসজ্জা আর আলোকসজ্জা আকর্ষণ করেছে দর্শনার্থীদের। রঙিন আলোয় সেজে উঠেছে শহর। ছোট-বড়, নারী-পুরুষ সবাই যেন এই আনন্দের অংশীদার। পুরোহিত উত্তম চক্রবর্তী জানান, "বিপদানাশিনী দূগা মা এ বছর ঘোড়ায় আগমন করেছেন আর বিদায় নেবেন হাতিতে। এটা খুবই শুভ লক্ষণ। আইনশৃঙ্খলা বাহিনীও সর্বদা তৎপর আছেন। ফলে খুবই সুষ্ঠু পরিবেশে আমরা পূজা উৎযাপন করতে পারছি।" ভক্ত শিল্পী রানী বিশ্বাস বলেন, "প্রতিবছর মায়ের দর্শন আমাদের নতুন আশার আলো দেখায়। সন্তানদের মঙ্গল কামনা করি, দেশের শান্তি ও সমৃদ্ধি চাই।" উৎসবকে ঘিরে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করেছে পুলিশ প্রশাসন। পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী জানান, "শারদীয় দুর্গোৎসব নির্বিঘ্ন ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। একইসাথে অনলাইনে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো ঠেকাতে রয়েছে কঠোর নজরদারি।"

## চুয়াডাঙ্গায় ১০ বছরের সাজাপ্রাপ্ত

(প্রথম পৃষ্টার পর)

মামলার তথ্য অনুযায়ী, জিআর ৩৯৪/১৪ নাম্বার মামলায় আদালত মানিকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের রায় দিয়েছিল চুয়াডাঙ্গা জেলা জজ আদালত। দীর্ঘদিন পলাতক থাকার পর অবশেষে দামুড়হুদা মডেল থানা পুলিশের জালে ধরা পড়েন তিনি।

## মেহেরপুরে অ্যানথ্রাক্স: সচেতনতা এখন সবচেয়ে বড় প্রতিরক্ষা

লাবীবা আরজুমান্দ



ছাগল এবং অন্যান্য গবাদিপশুর সংস্পর্শে হঠাৎ ছড়িয়ে পড়া অ্যানথ্রাক্স মেহেরপুরের গ্রামীণ জীবনে তৈরি করেছে নতুন আতঙ্ক। প্রথমে শুধু পশুর মধ্যে সীমাবদ্ধ মনে হলেও সংক্রমণ দ্রুত ছড়িয়ে পড়েছে মানুষের দেহেও। যদিও এটি নতুন কোনো পরিস্থিতি নয়, তবে প্রতিনিয়ত হাসপাতালে আসা রোগীদের ত্বকে ক্ষত ও ফুসকুড়ি সহ সংক্রমণের বিভিন্ন স্পষ্ট লক্ষন সংক্রমণের দ্রুত বিস্তারের এক আশঙ্কাজনক পরিস্থিতির চিত্র তুলে ধরে যা সাধারণ? জীবনধারাকে প্রভাবিত করেছে ব্যপকভাবে। প্রাথমিক তদন্তে গৃহপালিত ছাগলকে সংক্রমণের মূল উৎস হিসেবে চিহ্নিত করা হয়। গরুর তুলনায় ছাগলের সংখ্যা বেশি হওয়ায় এবং নিয়মিত টিকাদানের কার্যক্রম কম থাকায় রোগটি দ্রুত ছড়াচ্ছে। এই প্রাদুর্ভাব জনস্বাস্থ্যের সাথে সাথে গ্রামের মানুষজনের দৈনন্দিন জীবনধারার জন্যও বড় এক চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। আইইডিসিআরের তথ্য থেকে জানা যায়, সাম্প্রতিক বছরগুলোতে মেহেরপুরেই অ্যানথ্রাক্সের সংক্রমণ সবচেয়ে বেশি ধরা পড়েছে। ২০২২ সালে সন্দেহভাজন রোগীদের মধ্যে বহুজনের সংক্রমণ নিশ্চিত হয়, আর ২০২৩ সালে কেবল গাংনী উপজেলাতেই ডজনখানেক কেস শনাক্ত হয় যা সম্প্রতিতে আরও প্রকট রূপ নিয়েছে। এসব পরিসংখ্যান প্রমাণ করে, মেহেরপুর এখন এই রোগের একটি সক্রিয় কেন্দ্র। পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য বিভাগ এবং পশুসম্পদ অধিদপ্তর একযোগে কাজ করে চলেছে। যার অংশ হিসেবে পশুসম্পদ বিভাগ ইতিমধ্যেই নজরদারি বাড়িয়েছে এবং টিকাদান কার্যক্রম ত্বরান্বিত করার জন্যও সুপারিশ করা হয়েছে। তবে মানুষের সচেতন ছাড়া সংক্রমণকে সীমিত করা অসম্ভব। আক্রান্ত পশুর মাংস খাওয়া, সংস্পর্শে আসা বা অসতর্কভাবে জবাই করা বিপজ্জনক। তাই গ্রামের মানুষজন এখন আরও সতর্ক হয়ে উঠছেন; কেউ পশু আলাদা রাখছেন, কেউ বাজার থেকে মাংস কেনার আগে সাবধানতা অবলম্বন করছেন, আবার কেউ নিজের বাড়ি ও আশেপাশের এলাকা পরিচ্ছন্ন রাখছেন। এই ছোট ছোট অভ্যাসগুলোই বড় বিপদ থেকে রক্ষা করতে পারে এবং সংক্রমণের বিস্তারকে সীমিত করতে সাহায্য করতে পারে। তাই বলা যায় শেষ পর্যন্ত রোগ নিয়ন্ত্রণের চাবি জনগণের হাতে।

সচেতনতা এবং সহযোগিতা ছাড়া এই প্রাদুর্ভাব রোধ করা সম্ভব নয়। এছাড়া এই প্রাদুর্ভাব শুধু স্বাস্থ্যঝুঁকিরই নয় বরং মানুষের দৃষ্টিভঙ্গি পরিবর্তনেরও একটি সুযোগ যা জনস্বাস্থ্য রক্ষায় সরকারি উদ্যোগের কার্যকারিতাকে এক অনন্য মাত্রাই পৌঁছে দিতে সক্ষম। কেননা সচেতনতা এবং সতর্কতা মানলেই ক্ষতির পরিমাণ কমানো সম্ভব। তাই আতঙ্ক নয়, সচেতনতাড়এটাই এখন সবচেয়ে বড় প্রতিরক্ষা। (প্রাক্তন শিক্ষার্থী (বিবিএ, এমবিএ) বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## সাত শ্রেণির লোক যাদের প্রতি আল্লাহর অভিশাপ ও ঘৃণা রয়েছে

মুহাম্মদ আল আমিন

ইসলামে মানুষের নৈতিক দায়িত্ব ও সামাজিক আচরণকে গুরুত্ব দেওয়া হয়েছে। নবী করিম (সা.) বলেছেন, কিছু লোক এমন আচরণ করে যাদের দিকে কিয়ামতের দিন আল্লাহ তাকাবেন না, তাদের পবিত্র করবেন না এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। আবু উমামাহ আল-বাহেলি (রা.) থেকে বর্ণিত হাদিসে উল্লেখ রয়েছে, সাত ধরনের মানুষ আল্লাহর অভিশাপের লক্ষ্য। সাত ধরনের মানুষ ও ব্যাখ্যা : মা-বাবার অবাধ্য সন্তান: যে সন্তান মা-বাবার কথা শোনে না, তাদের কষ্ট দেয়। কোরআনে নির্দেশ রয়েছে, "তোমরা আল্লাহর সঙ্গে কাউকে শরিক কোরো না এবং পিতা-মাতার সঙ্গে সদ্ব্যবহার করো" (সূরা নিসা, আয়াত ৩৬)। পুরুষের মতো ভঙ্গি গ্রহণকারী নারী: যে নারী পুরুষদের চুল, পোশাক বা আচরণ অনুকরণ করে, সে আল্লাহর অপ্রিয়। বুখারিতে হাদিস রয়েছে, "আল্লাহর লানত করেছেন সেই পুরুষদের ওপর যারা নারীদের অনুকরণ করে এবং সেই নারীদের ওপর যারা পুরুষদের অনুকরণ করে।" দাইয়ুস ব্যক্তি: যে স্বামী বা পিতা পরিবারের নারীদের অশ্লীলতা সহ্য করে। নাসায়ি হাদিসে বলা হয়েছে, এই ধরনের মানুষ জান্নাতে প্রবেশ করতে পারবে না। খারাপ চরিত্রের স্ত্রীর স্বামী: যে জানে তার স্ত্রী অনৈতিক কাজে লিপ্ত, কিন্তু তাকে সংশোধনের চেষ্টা না করে বরং প্রশ্রয় দেয়। আসরের পর জানাজা পড়ানো ব্যক্তি: যারা ধর্মীয় বিধি না মেনে ইচ্ছামতো নামাজের সময় ঠিক করে। বিশেষজ্ঞদের মতে, সূর্য হলুদ হওয়ার আগে বিকেলে নামাজ আদায় করা উত্তম। জরুরি ক্ষেত্রে ব্যতিক্রম অনুমোদনযোগ্য। অন্যায়কারী শাসকের সহযোগী: যে জালিম শাসকের সঙ্গে হাত মেলে এবং তার অন্যায়কে টিকিয়ে রাখতে সাহায্য করে। অন্যায়ের সহচর: যে

## মেহেরপুরের সাবেক মেয়র মতুর

(প্রথম পৃষ্ঠার পর)

দায়েরকৃত মামলায় তার জামিন বহাল রেখেছেন আদালত। খুলনা বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক মঞ্জুরুল এলাহী গত সোমবার এ আদেশ দেন। একইসঙ্গে আগামী ১৪ অক্টোবর মামলার চার্জ গঠনের দিন ধার্য করা হয়েছে। মামলার সূত্রে জানা যায়, ২০০৬ সালের ৮ ডিসেম্বর তৎকালীন মেয়র মুতাচ্ছিম বিল্লাহ মতু শহরের কলেজ মোড়ে জোরপূর্বক জমি দখল করে সেখানে পৌর গেট নির্মাণ করেন। এর জেরে ২০০৭ সালের ১০ জুন কাসারি পাড়া এলাকার বাসিন্দা মৃত আসাদুর রহমানের ছেলে মোহাব্বত হোসেন মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করেন। মামলায় দণ্ডবিধির ৩৮৫/৩৮৬/৩৮৭/১০৯ ধারায় অভিযোগ আনা হয়। পরে মামলার তদন্ত কর্মকর্তা এসআই নিজাম সিকদার একই বছরের ১৪ সেপ্টেম্বর মতুকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। দীর্ঘদিন মামলাটি উচ্চ আদালতে স্থগিত থাকার পর সম্প্রতি বাদীর আবেদনে পুনরায় কার্যক্রম শুরু হয় এবং তা খুলনা বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালে স্থানান্তরিত হয়। মামলার প্রতিক্রিয়ায় স্থানীয় কয়েকজন জানান, মেয়র হিসেবে দায়িত্ব পালনকালে মুতাচ্ছিম বিল্লাহ মতু পৌরসভার বেদখলকৃত অনেক সম্পত্তি দখলমুক্ত করে সেখানে স্থাপনা নির্মাণ করেছিলেন। এসব কারণে বিভিন্ন সময় তাকে মামলা ও হামলার মুখে পড়তে হয়। সাবেক মেয়র মতু বলেন, "পৌর সম্পত্তি জবরদখল করেছিল মোহাব্বত হোসেন। আমরা অবৈধ দখল উচ্ছেদ করে পৌর গেট নির্মাণ করি। ওই ঘটনার জের ধরেই আমার বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে। আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল, আশাকরি ন্যায়বিচার পাবো।" উল্লেখ্য, মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে।

## মুজিবনগরে দুর্গোৎসব উপলক্ষে

(প্রথম পৃষ্টার পর)

বাসার, সহকারী সেক্রেটারি মোস্তাফিজুর রহমান, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল হক এবং বাগোয়ান ইউনিয়ন আমীর মাওলানা ফারুক হোসেন। খাদ্যসামগ্রী পেয়ে মুজিবনগরের সনাতন ধর্মাবলম্বী উপকারভোগীরা জেলা জামায়াতের আমীরকে আন্তরিক ধন্যবাদ জানান। তারা বলেন, এমন উদ্যোগ দুর্গোৎসবের আনন্দকে আরও পরিপূর্ণ করেছে। অনুষ্ঠানে জামায়াতে ইসলামী ভবিষ্যতেও অসহায় মানুষের পাশে থেকে সামাজিক কার্যক্রম চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করে।

## মুজিবনগরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল হক ও বাগোয়ান ইউনিয়ন আমীর মাও. ফারুক হোসেন। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## মেহেরপুরে ওএমএস ও খাদ্যবান্ধব

(প্রথম পৃষ্টার পর)

এরশাদ আলী, সদর খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুদ রানা, আমঝুপি খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা রেবিনা খাতুন, জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের প্রধান সহকারী তোফাজ্জল হোসেন, অডিটর সাইদুর রহমান ও ফুড ইন্সপেক্টর নাসরিন কণা। এছাড়া সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের ওএমএস ডিলার শাহীন বাবু, গোলাম মোস্তফা, আবুল কালাম আজাদ, সাইদুর রহমানসহ সদর উপজেলার ইউনিয়নভিত্তিক খাদ্যবান্ধব ডিলার ইবাদত হোসেন, রকি হোসেন, মিরজুল্লা প্রমুখ।

সভায় জেলা খাদ্য নিয়ন্ত্রক আসমা উল হোসনা বলেন, "সরকারি ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি হলো নিম্ন ও মধ্যবিত্ত মানুষের পাশে দাঁড়ানোর একটি মহৎ উদ্যোগ। এর মাধ্যমে স্বল্পমূল্যে চাল ও আটা বিক্রির ব্যবস্থা করা হচ্ছে। সরকারের এই উদ্দেশ্য সফল করতে হলে ডিলারদের স্বচ্ছতা, সততা এবং আন্তরিকতা অপরিহার্য।" তিনি ডিলারদের উদ্দেশে আরও বলেন, জনগণের জন্য বরাদ্দকৃত খাদ্য সহায়তা সঠিকভাবে পৌঁছে দিতে হবে। কোনো অনিয়ম বা স্বার্থপরতা যাতে না ঘটে, সে বিষয়ে সবার সজাগ থাকার আহ্বান জানান। মতবিনিময় সভায় ডিলাররাও নিজেদের অভিজ্ঞতা ও বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। এ সময় তারা সরকার ঘোষিত নীতিমালা মেনে কর্মসূচি বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন।

## চুরি-ছিনতাই মামলায় মেহেরপুরে

(প্রথম পৃষ্টার পর)

মামলায় অপর আসামি মো. আবু সাঈদ কাননকে দণ্ডবিধির ৪১১ ধারায় দোষী সাব্যস্ত করে ৩ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ডর আদেশ দেন। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে। অন্যদিকে, অপর একটি মামলায় আসামি খোরসেদ আলী ওরফে সাগরের বিরুদ্ধে দণ্ডবিধির ৩৭৯ ধারায় অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ডর রায় দেন। অর্থদন্ড অনাদায়ে আরও ৩০ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলার নথি থেকে জানা যায়, আসামিরা মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন এলাকায় চুরি ও ছিনতাইয়ের সঙ্গে জড়িত ছিল। তদন্ত শেষে সংশ্লিষ্ট কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। সাক্ষ্য-প্রমাণ ও নথি পর্যালোচনা করে আদালত এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার পর তিন আসামিকে কারাগারে পাঠানো হয়েছে।

## সংঘবদ্ধ সাইবার আক্রমণ ভাবাচ্ছে

(প্রথম পৃষ্টার পর)

পরিবেশ হুমকির মুখে পড়বে। এজন্য সরকার ও নির্বাচন কমিশনকে এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে। বিএনপির

আইটি সেলের দাবি, দলের বিরুদ্ধে প্রচারিত প্রায় ৭০ শতাংশ গুজব ছড়ানো হচ্ছে ভারত থেকে। এছাড়া ১৫ শতাংশ উত্তর কোরিয়া, ১০ শতাংশ পাকিস্তান ও তুরস্ক (জামায়াত-শিবির সংশ্লিষ্ট), আর বাকি ৫ শতাংশ রাশিয়া, চীন ও বাংলাদেশ থেকে পরিচালিত হচ্ছে। এসব আক্রমণে উন্নত সফটওয়্যার ও বট ব্যবহার করে লাখো মানুষের কাছে একসঙ্গে ভুয়া বার্তা পাঠানো হচ্ছে। তারা আরও জানান, আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালীন সময়ে অপপ্রচার চালানো হলেও বর্তমানে জামায়াত-শিবিরই সবচেয়ে বেশি সক্রিয়। তাদের প্রত্যেক সদস্যের একাধিক ভুয়া অ্যাকাউন্ট রয়েছে, যেগুলোর মাধ্যমে সংঘবদ্ধভাবে আক্রমণ চালানো হচ্ছে। বিএনপির তথ্য ও প্রযুক্তি সম্পাদক অধ্যাপক এ কে এম ওয়াহিদুজ্জামান বলেন, "বারবার নেতিবাচক তথ্য সামনে এলে সাধারণ মানুষ সত্য-মিথ্যা আলাদা করতে পারে না। দীর্ঘমেয়াদে এই পুনরাবৃত্তির কারণে মিথ্যাকে সত্য বলে মনে করার প্রবণতা তৈরি হয়ড়যাকে বলা হয় ইল্যুশন অব ট্রুথ এফেক্ট।" স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে প্রতিনিয়ত গুজব তৈরি হচ্ছে। এ অপপ্রচারের জবাব দিতে আমাদের নেতাকর্মীদের সামাজিক মাধ্যমে আরও সক্রিয় হতে হবে এবং সত্য তথ্য জনগণের সামনে তুলে ধরতে হবে।" অন্যদিকে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বিএনপির অভিযোগ অস্বীকার করে বলেন, "সামাজিক মাধ্যম নিয়ন্ত্রণ করা যায় না। বরং জামায়াতও সমানভাবে অপপ্রচারের শিকার হচ্ছে। বিএনপি যদি আনুষ্ঠানিক অভিযোগ তোলে, তবে প্রমাণ দিতে হবে।" বিএনপির আইটি সেলের কর্মকর্তারা জানাচ্ছেন, দলের বিরুদ্ধে অপপ্রচারে মাসে ৬৮ কোটি টাকা খরচ হচ্ছে। অথচ অর্থসংকটের কারণে বিএনপি প্রতিরোধমূলক কার্যক্রম চালাতে পারছে না। দক্ষ জনবল নিয়োগ সম্ভব হচ্ছে না, আবার মিডিয়া সেল ও আইসিটি সেলের মধ্যে সমন্বয়হীনতার কারণে আইটি সেল কার্যত গুরুত্বহীন হয়ে পড়ছে। আইটি বিশেষজ্ঞ সাইফুল ইসলাম শাকিল বলেন, রাত ১১টা থেকে ১২টার মধ্যে বিএনপির বিরুদ্ধে সবচেয়ে বেশি অপপ্রচার চালানো হয়। এ সময় নেতাকর্মীরা নিষ্ক্রিয় থাকায় ফ্যাক্টচেক বা পাল্টা প্রচারের আগেই ভুয়া কনটেন্ট ভাইরাল হয়ে যায়। অন্য বিশেষজ্ঞ সাইফুর রহমান আসাদ জানান, গ্রিন স্ক্রিন, ডিপফেক, ভয়েস ক্লোনিংসহ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ভুয়া কনটেন্ট তৈরি হচ্ছে। আবার ভুয়া সংস্থা ও অনলাইন পোর্টালের নামে বিভ্রান্তিকর সংবাদ প্রচার করে এগুলোকে বিশ্বাসযোগ্য করার চেষ্টা করা হচ্ছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, আসন্ন জাতীয় নির্বাচনে সাইবার আক্রমণ ও ডিজিটাল অপপ্রচার বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ পরিস্থিতি মোকাবিলায় বিএনপির অভ্যন্তরীণ সমন্বয় জোরদার করার পাশাপাশি সরকার ও নির্বাচন কমিশনেরও কার্যকর ও কঠোর পদক্ষেপ নেওয়া জরুরি হয়ে পড়েছে।

## পাকিস্তানে শক্তিশালী বোমা হামলা, নিহত ১০, আহত ৩২

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের রাজধানী কোয়েটায় ভয়াবহ বোমা বিস্ফোরণে অন্তত ১০ জন নিহত ও ৩২ জন আহত হয়েছেন। হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। মঙ্গলবার স্থানীয় সময় বিকেলে শহরের ব্যস্ততম একটি সড়কে ফ্রন্টিয়ার কনস্ট্যাবুলারি (এফসি) সদরদপ্তরের কাছে এই বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের পর গোলাগুলির শব্দও শোনা গেছে। ঘটনাস্থলে থাকা সিসিটিভি ফুটেজে দেখা যায়, যানবাহন চলাচলের সময় হঠাৎ সড়কের এক মোড়ে বিস্ফোরণ হয়। এতে আশপাশের ভবনের কাচ ভেঙে পড়ে এবং নিকটবর্তী একটি যাত্রীবাহী বাসের যাত্রী ও পথচারীরা হতাহত হন। দ্য এক্সপ্রেস ট্রিবিউনের প্রকাশিত ছবিতে দেখা গেছে, বিস্ফোরণটি ছিল অত্যন্ত শক্তিশালী। আহতদের দ্রুত হাসপাতালে নেওয়া হয়েছে এবং জরুরি পরিস্থিতি মোকাবেলায় চিকিৎসকদের কর্মস্থলে উপস্থিত থাকার আহ্বান জানানো হয়েছে। এ ঘটনায় শোক ও ক্ষোভ প্রকাশ করেছেন পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলী জারদারি। এক বিবৃতিতে তিনি হামলার নিন্দা জানিয়ে বলেন, ভারত-সমর্থিত সন্ত্রাসী গোষ্ঠী 'ফিতনা-আল-খাওয়ারিজ' এ হামলার সঙ্গে জড়িত। প্রেসিডেন্ট কার্যালয়ের দাবি, নিষিদ্ধ সংগঠন তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) এই নামে পরিচিত এবং তারা পাকিস্তানের শান্তি ও স্থিতিশীলতা বিনষ্টের চেষ্টা চালাচ্ছে। অন্যদিকে বেলুচিস্তান প্রাদেশিক সরকার জানিয়েছে, বিস্ফোরণের পরপরই নিরাপত্তা বাহিনী দ্রুত অভিযান চালিয়ে চারজন সন্ত্রাসীকে হত্যা করেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এলাকায় ব্যাপক নিরাপত্তা জোরদার করা হয়েছে।

## ভারতে নদীতে মিলল দুর্নীতি নিয়ে প্রতিবেদন করা সাংবাদিকের লাশ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের উত্তরাখন্ডে গত রোববার একটি নদী থেকে ৩৬ বছর বয়সী সাংবাদিক রাজীব প্রতাপের মরদেহ উদ্ধার করা হয়েছে। তিনি 'দিল্লি উত্তরাখন্ড লাইভ' নামের একটি ইউটিউব নিউজ চ্যানেল পরিচালনা করতেন এবং নিয়মিত দুর্নীতি ও অনিয়ম নিয়ে রিপোর্টিং করতেন। রাজীবের পরিবারের অভিযোগ, তাঁর মৃত্যু কোনো সাধারণ দুর্ঘটনা নয়। মৃত্যুর আগের দিন, ১৯ সেপ্টেম্বর, রাজীবের স্ত্রীর সঙ্গে তার শেষ ফোনালাপ হয়। পুলিশ তাঁর গাড়ি ভাগীরথী নদীর কাছে পাওয়া গেছে বলে জানিয়েছিল। কিন্তু ৯ দিন পর রাজীবের লাশ নদীর ভাটিতে যোশিয়ারা জলবিদ্যুৎ বাঁধ থেকে উদ্ধার করা হয়। রাজীবের স্ত্রী মুসকান জানিয়েছেন, সাংবাদিকের কিছু প্রতিবেদনের কারণে রাজীব অস্বস্তিতে ছিলেন। তিনি বলেছিলেন, ভিডিওগুলো সরিয়ে না নিলে তাকে মারার হুমকি দেওয়া হচ্ছে। মুসকান আরও যোগ করেছেন, "রাত ১১:৫০ মিনিটে আমি একটি মেসেজ পাঠাই, কিন্তু তা ডেলিভারি হয়নি। আমি নিশ্চিত, তিনি শুধু রাস্তা থেকে পড়ে যাননি; তাকে অপহরণ করা হয়েছে।" রাজীবের সবচেয়ে আলোড়ন সৃষ্টিকারী প্রতিবেদনের মধ্যে অন্যতম ছিল উত্তরাখন্ডের একটি হাসপাতালের অব্যবস্থাপনা ও সেখানে মদ্যপানের ঘটনা। উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি সাংবাদিকের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন এবং সুষ্ঠ তদন্তের নির্দেশ দিয়েছেন। ভারতের বিভিন্ন সংবাদমাধ্যমও এই ঘটনায় স্বচ্ছতা ও ন্যায্য তদন্তের দাবি জানিয়েছে। দ্য ন্যাশনাল অ্যালায়েন্স অব জার্নালিস্টস, দিল্লি ইউনিয়ন অব জার্নালিস্টস এবং কেরালা ইউনিয়ন অব ওয়ার্কিং জার্নালিস্টস (দিল্লি ইউনিট) এ ঘটনায় হত্যাকাণ্ডের জরুরি তদন্তের দাবি তুলেছে। কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্টসের ভারত প্রতিনিধি কুনাল মজুমদার বলেন, "উত্তরাখন্ড কর্তৃপক্ষের উচিত রাজীব প্রতাপের মৃত্যুর সম্ভাব্য কারণগুলো এড়িয়ে না যাওয়া। পুলিশের প্রাথমিক ধারণা অনুযায়ী এটি গাড়ি দুর্ঘটনা, তবে সাংবাদিকের পরিবার যে হুমকির কথা বলেছে, তা অবশ্যই গুরুত্বসহকারে দেখা উচিত। যারা সাংবাদিকদের হুমকি দেয়, তাদের অবশ্যই জবাবদিহির আওতায় আনা প্রয়োজন।" রাজীব প্রতাপের এই মৃত্যুর ঘটনা ভারতীয় সাংবাদিক সমাজে গভীর উদ্বেগ সৃষ্টি করেছে। যথাযথ তদন্ত এবং দায়িত্বশীল অনুসন্ধান না হওয়া পর্যন্ত এই হত্যাকাণ্ড সংক্রান্ত প্রশ্নগুলি স্থায়ীভাবে উদাসীন থাকবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।
স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৮৭
গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল
সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৬০
এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।
১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ৭,৮ ও ৯ অক্টোবর /২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ১২/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১৫/১০/২০২৫। (বিকাল ৪টার মধ্যে)
* স্থানঃ গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪ ।নির্বাচনঃ ২৬/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গন।
মোঃ মনিরুজ্জামান
উপজেলা একাডেমিক সুপারভাইজার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।
স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৮৪
কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল
সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৫৮
এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।
১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১,২ ও ৩ অক্টোবর /২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ৬/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ৮/১০/২০২৫। (বিকাল ৪টা)
* স্থানঃ কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪। নির্বাচনঃ ২০/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।
মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়।